

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৪৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৫. সফরকালে নফল নামায পড়ার নিয়ম এবং বাহনের উপর নামায পড়ার সময় কিবলার দিকে মুখ করা بَابُ صِفَةِ صَلَاةِ التَّطَقُ ع فِي السَّفَرِ وَاسْتِقْبَالِ الْقِبْلَةِ عِنْدَ الصَّلَاةِ عَلَى الدَّابَّةِ

আরবী

حَدَّ تَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، ثَنَا دَاوُدُ بْنُ رُشَيْدٍ ، ثَنَا شُعَيْبُ بْنُ إِسْحَاقَ عَنْ هِشَامٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ : بَعَثَنِي النَّبِيُّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ عَنْ هِشَامٍ عَنْ أَبِي الزُّبِيُّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ لِحَاجَةٍ ، فَرَجَعْتُ إِلَيْهِ وَهُوَ عَلَى رَاحِلَتِهِ فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيَّ شَيْئًا ، وَرَأَيْتُهُ يَرْكَعُ وَيَسْجُدُ فَتَنَحَّيْتُ عَنْ تُعْتُ حَنَعْتُ كَذَا وَكَذَا . وَيَسْجُدُ فَتَنَحَّيْتُ عَنْهُ ثُمَّ قَالَ لِي : " مَا صَنَعْتَ فِي حَاجَتِكَ " . قُلْتُ صَنَعْتُ كَذَا وَكَذَا . قَالَ : " إِنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ إِلَّا أَنِّي كُنْتُ أُصِلِّي

বাংলা

১৪৪৯(৪). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে কোন এক প্রয়োজনে পাঠালেন। আমি তাঁর নিকট ফিরে এসে দেখি তিনি তাঁর জন্তুযানে উপবিষ্ট। আমি তাঁকে সালাম দিলে তিনি আমার সালামের কোন উত্তর দেননি। আমি তাঁকে রুকু-সিজদা করতে দেখলাম। আমি তার নিকট থেকে একটু সরে গেলাম। তারপর তিনি আমাকে বলেনঃ তোমার প্রয়োজনীয় বিষয়ে কি করেছ? আমি বললাম, আমি এই এই করেছি। তিনি আরো বলেনঃ তোমার সালামের উত্তর দিতে কোন কিছু আমাকে বাধা দেয়নি, তবে আমি নামায পড়ছিলাম।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

义 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন